হবিগঞ্জ সদর উপজেলা পরিষদের ডিসেম্বর, ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
সভার তারিখ ঃ ২৩ ডিসেম্বর ২০২১ সময় ঃ বেলা ১১:০০ ঘটিকা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
সভার হাজিরা ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরে নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	বিভাগ/বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত ৩০.১১.২০২১ খ্রি: তারিখের সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	–
০২	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর এর প্রতিনিধি বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক কর্মসূচির (এডিপি) স্কীমগুলো ইউনিয়নসমূহ হতে পাওয়া গিয়েছে। কিন্তু ইউনিয়ন পরিষদ নির্বাচন সংক্রান্ত কারণে স্কীম বাছাই কমিটির সভা করা সম্ভব হয়নি।	প্রাপ্ত স্কীমসমূহ যাচাই বাছাই করার জন্য স্কীম বাছাই কমিটির সভা আহবানপূর্বক স্কীম বাছাই করে আবশ্যিকভাবে পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা প্রকৌশলী,হবিগঞ্জ সদর
০৩	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর বলেন, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন, তাঁর অফিসের বাথরুমের পানির সরবরাহে বিঘ্নিত হচ্ছে। উহা মেরামত করার জন্য তিনি প্রস্তাব করেন। এ প্রসঙ্গে সভাপতি বলেন যে, যে সকল অফিসের মেরামত করা প্রয়োজন সে সকল অফিসের মেরামত সংক্রান্ত তথ্যাদি সরবরাহ করার জন্য পরামর্শ প্রদান করেন।	অফিস সমূহের প্রয়োজনীয় মেরামতের তথ্যাদি পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট অফিস প্রধান (সকল), হবিগঞ্জ সদর
০৪	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, বিনামূল্যে বিতরণের জন্য এ পর্যন্ত ৩৫% বই পাওয়া গিয়েছে,অবশিষ্ট বই সামনের সপ্তাহে পাওয়ার সম্ভাবনা রয়েছে। প্রাপ্ত বই বিদ্যালয়সমূহে প্রেরণ করা হয়েছে।	বিনামূল্যের বই যথাসময়ে সঠিকভাবে শিক্ষার্থীদের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান (সকল), হবিগঞ্জ সদর
০৫	শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, বিনামূল্যে বিতরণের জন্য প্রি-প্রাইমারী ব্যতীত প্রাথমিক বিদ্যালয়ের অন্যান্য শ্রেণির ১০০% পাঠ্য বই পাওয়া গিয়েছে এবং বইগুলো বিদ্যালয় পৌঁছানো হয়েছে।	বিনামূল্যের পাঠ্য বই যথাসময়ে সঠিকভাবে শিক্ষার্থীদের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
০৬	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ	সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	সহকারী প্রকোশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর
০৭	সমাজ সেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, প্রতিবন্ধী ভাতা প্রদানের জন্য উপকারভোগীদের তালিকা প্রস্তুত করা হয়েছে।	দ্রুত পরবর্তী কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হবিগঞ্জ সদর
০৮	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, হবিগঞ্জ সদর
০৯	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর বলেন, এ উপজেলার চরহামুয়া আশ্রয়ন প্রকল্পের উপকারভোগীদের মধ্যে ঋন বিতরণ করা হচ্ছে।	ঋন আদায়ের হার বৃদ্ধির জন্য কর্ম তৎপরতা জোরদার করতে হবে।	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর

		আদায়ের হার কম।		
১০	মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কাজকর্ম স্বাভাবিকভাবে চলমান আছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১১	যুব উন্নয়ন বিভাগ	(ক) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, উপজেলা পর্যায়ে যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ করার জন্য .০৫০ (পঞ্চাশ)শতক জমি প্রয়োজন। উপজেলা পরিষদের অভ্যন্তরে সম্ভব না হলে নিকটবর্তী খাস জমি নির্বাচন করে অথবা ভূমি অধিগ্রহণ করার জন্য তিনি প্রস্তাব করেন। (খ) তিনি আরও বলেন, ১৮-৩৫ বছর বয়সের যুব-যুবাদের ৩টি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণে আগ্রহী যুব-যুবাদের আবেদন করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	(ক) উপজেলা পরিষদের অভ্যন্তরে জমির সংস্থান না থাকায় বিধি মোতাবেক খাস জমি নির্বাচন বা ভূমি অধিগ্রহণের পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। (খ) যুব-যুবাদের প্রশিক্ষণের বিষয়টি বহুল প্রচারনার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) সহকারী কমিশনার (ভূমি)/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর (খ) বিভাগীয় প্রধান (সকল),হবিগঞ্জ সদর
১২	পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৩	পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর
১৪	স্বাস্থ্য ও প: প: বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার, হবিগঞ্জ সদর সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার, হবিগঞ্জ সদর
১৫	মহিলা বিষয়ক	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অ:দা:), হবিগঞ্জ সদর সভায় অনুপস্থিত থাকায় আলোচনা কর সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অ:দা:),হবিগঞ্জ সদর
১৬	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ সদর সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৭	বিএডিসি (সেচ) বিভাগ	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), হবিগঞ্জ সদর সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), হবিগঞ্জ সদর
১৮	ত্রাণ ও পুনর্বাসন	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৯	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর
২০	বিবিধ	(ক) জনাব মো: দেলোয়ার হোসেন, উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর, জাইকা প্রকল্প, হবিগঞ্জ সদর সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৯-২০ অর্থ বছরের প্রশিক্ষণ সংক্রান্ত উপ-প্রকল্প বাস্তবায়ন চলমান আছে। প্রশিক্ষণ সংক্রান্ত উপ-প্রকল্প বাস্তবায়নে স্থায়ী কমিটির সভাপতি,সদস্য-সচিব ও অন্যান্য সদস্যগণের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে সকলের পরামর্শ ও সহযোগিতায় বাস্তবায়ন হলে কাজের গুণগত মান উন্নত হবে। তাই এ বিষয়ে সভাপতি মহোদয়ের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান।	-	-

		(খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর মহাপরিচালক, ব্যানবেইস ও প্রকল্প পরিচালক, এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন(UITRCE) Phase II) ঢাকা এর ০৭ নভেম্বর ২০২১ তারিখের ৩৭.২০.০০০০.০০৫.১৪.০৮৯.১৯/২১৫ নং স্মারক সভায় উপস্থাপন করেন। এতে দেখা যায়, উক্ত প্রকল্পের আওতায় ১৬০টি উপজেলা পরিষদ এলাকার মধ্যে ন্যূনতম ৬(ছয়) কাঠা জমির উপর চার তলার ফাউন্ডেশনসহ এ উপজেলায় ১টি দ্বিতল ভবন নির্মাণ করা হবে। উক্ত ভবনে (১) ২৪টি সর্বাধুনিক কম্পিউটার ও ইন্টরনেট সুবিধাসহ ১টি আইসিটি ট্রেনিং ল্যাব প্রতিষ্ঠার মাধ্যমে মাধ্যমিক ও তদুর্ধ্ব পর্যায়ে সকল শিক্ষককে আইসিটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে; (২) ইন্টরনেট সুবিধাসহ সর্বাধুনিক কম্পিউটার সংবলিত ১টি সাইবার সেন্টার স্থাপন করা হবে; যার মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলার স্কুল, কলেজ ও মাদ্রাসার মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থী-শিক্ষক সকলেই তাদের চাহিদা মাফিক ওয়েবসাইট, ব্রাউজিং এবং ডাউনলোড করার সুবিধা পাবেন এবং (৩) একই সাথে নতুন ভবনে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের কার্যক্রম পরিচালিত হবে। এর ফলে তৃনমূল পর্যায়ে কম্পিউটার ও তথ্য প্রযুক্তি শিক্ষা সম্প্রসারণ এবং সরকারের নির্বাচনী অঙ্গীকার ই-গর্ভনেন্স কার্বকমে নাগরিকদের (Access to information) সুবিধা নিশ্চিত হবে। এমতাবস্থায়, প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে ১৬০টি উপজেলয় আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন স্থাপনে ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে নির্মাণ কাজের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অনুয়ায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অত্রাফিসের ০২.০৪. ২০১৭ তারিখের ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪. ০০৫.২০১৭-৩০৭ নং স্মারকে এ উপজেলার নির্ধারিত স্থানে মাঠ পর্যায়ে শীঘ্রই নির্মাণ কাজ শুরু করবে। তাই (UITRCE) Phase II) প্রকল্পের আওতায় উল্লিখিত ভবন নির্মাণের লক্ষ্যে ইতোমধ্যে সদর উপজেলায় নির্বাচিত ও মাটি পরীক্ষা সম্পন্ন করা স্থান ঠিকাদারী প্রতিষ্ঠান TAIHAN Consortium (Taihan Cable & Solution Co. Ltd., Iljin E&C Co., Ltd,Ubion Co., Ltd.)-কে ভবন নির্মাণের লক্ষ্যে বুঝিয়ে দেয়া এবং এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। তিনি আরও বলেন, এ ব্যাপারে বিগত সভায় আলোচনা করা হয়েছে এবং সম্প্রতি ঢাকা থেকে ১টি প্রতিনিধি দল নির্বাচন ভবন সংলগ্ন প্রস্তাবিত ভূমি পরিদর্শন করেছেন। উপজেলা পরিষদ হতে উক্ত ভূমি একসনা লীজ প্রদাপন করা হয়েছে বিধায় উক্ত লীজ বাতিলক্রমে প্রস্তাবিত ভূমি ভবন নির্মাণের জন্য বুঝিয়ে দেয়ার জন্য তিনি প্রস্তাব করেন।	(খ) উল্লিখিত ভবন নির্মাণের লক্ষ্যে প্রদত্ত একসনা লীজ বাতিল ক্রমে প্রস্তাবিত ও নির্বাচিত ভূমি ভবন নির্মাণের জন্য বুঝিয়ে দেয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	(খ)চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর

		(গ) উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর বলেন, কমিটির সদস্য সকল অফিস প্রধানকে নিয়মিতভাবে সভায় অংশ গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান। এছাড়া সভার পূর্বে নির্ধারিত সময়ের মধ্যে সভার কার্যপত্র বা উপস্থাপিত বিষয় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করেন। নির্বাচন সংক্রান্ত কারণে যে সকল কাজ বন্ধ ছিল তা নতুন চেয়ারম্যান-মেম্বারদের শপথ গ্রহণের পরে দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য সকলকে অনুরোধ জানান।		
		তিনি আরও বলেন, মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের জন্য আশ্রয়ন-২ প্রকল্পের অধীন ৩য় পর্যায়ে ৩৫টি গৃহ নির্মাণের লক্ষ্যে বরাদ্দ পাওয়া গিয়েছে এবং এ উপজেলায় ৯ নং নিজামপুর ইউনিয়নের রতনপুর গ্রামে গৃহ নির্মাণের কাজ প্রক্রিয়াধীন আছে। উক্ত প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া বিগত ১৯ ডিসেম্বর ২০২১ তারিখের এ সংক্রান্ত উপজেলা টাস্কফোর্স কমিটির সভায় যাচাই-বাছাই করে ২৯১জন ভূমিহীনের তালিকা চূড়ান্ত করা হয়েছে।	(গ) স্পেসিফিকেশন অনুযায়ী দ্রুত সময়ের মধ্যে গৃহ নির্মাণ কাজ সম্পন্ন করার এবং এব্যাপারে সকলে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২৯১ জন ভূমিহীনের তালিকা সঠিক রয়েছে মর্মে সকলে একমত পোষণ করেন।	(গ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, হবিগঞ্জ সদর
		(ঘ) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর উপজেলা পরিষদের সম্মুখস্থ জেলা পরিষদের যাত্রী ছাউনিটি অপরিস্কার এবং ব্যবহার অনুপযোগী থাকায় সংস্কার করত: ব্যবহার উপযোগী করার ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	(ঘ) উপজেলা পরিষদের সম্মুখস্থ জেলা পরিষদের যাত্রী ছাউনিটি সংস্কারক্রমে ব্যবহার উপযোগী করার ব্যাপারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জকে অনুরোধ করা হয়।	(ঘ) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ
		তিনি নব নির্মিত উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ দীর্ঘদিন যাবৎ সম্পন্ন না হওয়ায় সভায় ক্ষোভ প্রকাশ করেন। কাজটি দ্রুত সম্পন্ন করার ব্যাপারে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপস্থিত সকলে অভিমত ব্যক্ত করেন। তিনি সভায় অনুপস্থিত অফিস প্রধানগণকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। তিনি সভায় অংশ গ্রহণকারী সকলকে ২০২২ সালের আগাম শুভেচ্ছা জানান।	উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার ব্যাপারে বিধি মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হবিগঞ্জ সদর
		তিনি আরও বলেন, সম্পাদক, প্রথম আঞ্চলিক ফ্রেন্ডশিপ ক্যাম্প সাংগঠনিক কমিটি এবং সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সিলেট অঞ্চল এর ২৪ নভেম্বর,২০২১ তারিখের ৮০৯(০৩)/২০২১ নং স্মারকে প্রথম আঞ্চলিক ফ্রেন্ডশিপ ক্যাম্প বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের তহবিল হতে ১০,০০০/-(দশ হাজার) টাকা অনুদান প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। চাহিত অনুদানের অর্থ প্রদান করার জন্য তিনি প্রস্তাব করেন। তিনি উপজেলা পরিষদের ডিসেম্বর,২০২১ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল=৩০,০০০/- টাকা; মহান বিজয় দিবস ও মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষে ফুলের তোড়া, লাইটিং ইত্যাদি বাবদ	চাহিত অনুদান বাবদ ১০,০০০/-টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর

		৩৫,০০০/- টাকা; বিভাগীয় কমিশনার মহোদয়ের আগমন উপলক্ষে পরিস্কার পরিচ্ছন্ন করণ বাবদ ৩৫,০০০/- টাকা ব্যয় অনুমোদনের জন্য প্রস্তাব করেন।		

২১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর এর অনুচ্ছেদ ২০(ঘ) এর প্রস্তাবানুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নেবর্ণিত ব্যয় অনুমোদনের জন্য গৃহীত হয়।

ক্র: নং	প্রস্তাবিত ব্যয়ের বিবরণ ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা পরিষদের ডিসেম্বর,২০২১ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল= ৩০,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	(ক) মহান বিজয় দিবস ও মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষে লাইটিং বাবদ ২০,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়। (খ) মহান বিজয় দিবস ও মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষে ফুলের তোড়া বাবদ ১৮,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৩	(ক) বিভাগীয় কমিশনার মহোদয়ের আগমন উপলক্ষে উপজেলা কমপ্লেক্স পরিস্কার পরিচ্ছন্নকরণ ২০,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়। (খ) বিভাগীয় কমিশনার মহোদয়ের আগমন উপলক্ষে উপজেলা কমপ্লেক্স রংকরণ বাবদ ১৫,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হবিগঞ্জ সদর

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১২.২০২১- ৭১৪(২৫)

তারিখ : ২৩ ডিসেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৫। জেলা প্রশাসক, হবিগঞ্জ
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৮। চেয়ারম্যান ....ইউপি(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৯। ....সদস্য(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

২৩.১২.২০২১
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর

পরিশিষ্ট 'ক'

২৩.১২.২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ডিসেম্বর,২০২১ মাসের মাসিক সভায় উপস্থিতির তালিকা :

(স্বাক্ষরের ক্রমানুসারে)

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষরিত
০১	জনাব বর্ণালী পাল	উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর	
০২	জনাব রওশন আর বেগম	উপজেলা প: প: কর্মকর্তা, হবিগঞ্জ সদর	
০৩	জনাব মো: জিয়া উদ্দিন	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর	
০৪	জনাব মো: হেলাল উদ্দিন খান	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হবিগঞ্জ সদর	
০৫	জনাব মো: আফতাব উদ্দিন	উপজেলা শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর	
০৬	জনাব মো: হাছিনুর রহমান তালুকদার	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,হবিগঞ্জ সদর	
০৭	জনাব রুবেল আহম্মদ সরকার	ইউপিও,পজীপ,বিআরডিবি, হবিগঞ্জ সদর	
০৮	জনাব সুকান্ত ধর	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর	
০৯	জনাব প্রাণেশ চন্দ্র বর্মা	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হবিগঞ্জ সদর	
১০	জনাব মো: এমদাদুল হক	উপ সহকারী প্রকৌশলী, এলজিইডি, হবিগঞ্জ সদর	
১১	জনাব মো: রাশেদুল হাসান	সহকারী প্রোগ্রামার,আইসিটি,হবিগঞ্জ সদর	
১২	জনাব মো: দেলোয়ার হোসেন	উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, হবিগঞ্জ সদর	
১৩	জনাব বিমান কুমার দাশ	সহকারী পল্লী উন্নয়ন অফিসার,হবিগঞ্জ সদর	
১৪	জনাব মোহাম্মদ জাহান	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর	
১৫	জনাব মো: মাহমুদুল হাসান	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, হবিগঞ্জ সদর	
১৬	জনাব নুসরাত আল ফাতদি জাহান	তথ্যসেবা কর্মকর্তা,তথ্য আপা, হবিগঞ্জ সদর	
১৭	জনাব নবরত্ন দাশ	জুনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর	
১৮	জনাব হাসনা হেনা	উপজেলা সমবায় কর্মকর্তা, হবিগঞ্জ সদর	

পরিশিষ্ট 'খ'

২৩.১২.২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ডিসেম্বর,২০২১ মাসের মাসিক সভায় অনুপস্থিতির তালিকা :

ক্রমিক নং	নাম	পদবী
০১	জনাব মাহবুবুর রহমান আউয়াল	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর
০২	জনাব ফেরদৌস আরা বেগম	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর
০৩	জনাব মো: আব্দুর রাজ্জাক	সহকারী প্রকোশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর
০৪	জনাব রনজিৎ কুমার আচার	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ সদর
০৫	জনাব এ এম রাকিবুল হক	উপসহকারী প্রকৌশলী বিএডিসি সেচ, হবিগঞ্জ সদর
০৬	জনাব গৌরপদ দে	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,হবিগঞ্জ সদর
০৭	জনাব দেলোয়ার হোসেন চৌধুরী	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, হবিগঞ্জ সদর
০৮	জনাব মো: মাহবুবুল হক	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অ:দা:), হবিগঞ্জ সদর